ইত্তেফাক

তারিখ 19 JUN 1986
পৃষ্ঠা ...1, 2 কলাম ...3...

064

# এইচএসসি পরীক্ষা আজ শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বৃহস্পতিবার) সারাদেশে ৪টি বোর্ড অধীন উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হইবে। এ বছর সর্বমোট ২ লক্ষ ৮৫ হাজার ৯ শত ৯৭ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ইহার মধ্যে ২ লক্ষ ১৭ হাজার ৮ শত ১৭ জন ছেলে এবং ৬৮ হাজার ১ শত ৮০ জন মেয়ে। উল্লেখ্য, গত বছর সারাদেশে মোট ১লক্ষ ৮৬হাজার ৯শত ৫৬ জন ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে।

এদিকে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য ঢাকা মেট্রোপলিটন

(১২শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এইচএসসি

(১ম পৃঃ পর)

পুলিশ আজ (বৃহস্পতিবার) হইতে আগামী ১৪ই জুলাই পর্যন্ত ঢাকার ২২টি পরীক্ষা কেন্দ্রের ২শত গজের মধ্যে ৪ জনের অধিক লোকের সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করিয়াছে।